

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) পুরকৌশল বিভাগ ষষ্ঠবারের মতো আয়োজন করেছে 'সিক্সথ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অ্যাডভান্সেস ইন সিভিল ইঞ্জিনিয়ারিং (আইসিএসই-২০২২)। এবারের সম্মেলনে তিন দিনে মোট ১৫১টি গবেষণাপত্র উপস্থাপন করা হবে। ইউজিসির সহযোগিতায় চুয়েটের শেখ কামাল বিজনেস ইনকিউবেটরে আজ বুধবার সকাল থেকে পুরকৌশল বিষয়ের অগ্রগতি শীর্ষক এ আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে। শেষ হবে শুক্রবার।

advertisement

সম্মেলনের সম্পাদক ও চুয়েট পুরকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. বশির জিসান বলেন, সম্মেলনে পুরকৌশলের ওপর বাংলাদেশ, ভারত, জাপান ও যুক্তরাষ্ট্রের পাঁচজন প্রধান বক্তা এবং ২০০ জনেরও বেশি শিক্ষাবিদ, গবেষক বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে যোগ দেবেন। মোট ১৫১টি গবেষণাপত্রসহ পুরকৌশলের ৪ জন প্রধান বক্তার গবেষণার উপস্থাপনের জন্য মোট ১৬টি টেকনিক্যাল সেশন ও ৪টি কী-নোট সেশনে এ সম্মেলনটি সাজানো হয়েছে।

advertisement 4

তিনি বলেন, সম্মেলনের লক্ষ্য হচ্ছে বিশ্বব্যাপী পুরকৌশল বিষয়ের বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্বান্বিত একাডেমিসিয়ান, বিজ্ঞানী, গবেষক ও শিক্ষাবিদদের একত্রিত করা এবং এর মাধ্যমে নতুন ধারণা বিনিময়, জ্ঞান ভাগ করে নেওয়া। এ ছাড়া, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের সাম্প্রতিক উন্নয়ন ও অগ্রগতিগুলো অন্বেষণ করা। আইসিএসই-২০২২ অংশগ্রহণকারীদের তাদের জ্ঞান এবং দক্ষতা শেয়ার করার জন্য একটি অসামান্য আন্তর্জাতিক প্ল্যাটফর্ম। এ সম্মেলন ছাত্র এবং তরুণ গবেষণাকারীদের জন্য সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ওপর নতুন এবং সাম্প্রতিক বিষয়গুলোর সঙ্গে পরিচিত হওয়ার একটি অনন্য সুযোগ থাকছে। যা তাদের ক্যারিয়ার, নিজ নিজ প্রতিষ্ঠান এবং সামগ্রিক সিভিল ইঞ্জিনিয়ারিং সম্প্রদায়কে এগিয়ে নিতে সাহায্য করবে।

আজ বুধবার কনফারেন্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন ইউজিসির সদস্য অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর। এতে গেস্ট অব অনার হিসেবে থাকবেন চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। এ ছাড়া বিশেষ অতিথি হিসেবে থাকবেন পুরকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. আসিফুল হক।

শুক্রবার সম্মেলনের সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি থাকবেন এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের এমিরেটাস অধ্যাপক ড. এম. শামীম জেড. বসুনিয়া। বিশেষ অতিথি থাকবেন চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। এতে সভাপতিত্ব করবেন কনফারেন্সের সাইন্টিফিক ও টেকনিক্যাল কমিটির সভাপতি অধ্যাপক ড. স্বপন কুমার পালিত।